

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-১শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০১১.২০১২-৭১১

তারিখঃ ১৩.১১.২০১৩খ্রি

প্রেরকঃ সালমা সিদ্দিকা মাহতাব  
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী কর্মসূচীর (কোড নং-৫-২৭১১-৫০৬০)  
আওতায় প্রশিক্ষণ, কনফারেন্স এবং অন্যান্য ব্যয়ের জন্য আরপিএ (জিওবি) ১ম ও ২য় কিস্তির অবমুক্ত অর্থ থেকে  
১,৫২,২৫,০০০/- (এক কোটি বায়ান্ন লক্ষ পচিশ হাজার ) টাকা অগ্রিম উত্তোলন সংক্রান্ত।


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় এসেনসিয়াল  
সার্ভিস ডেলিভারী (কোড নং-৫-২৭১১-৫০৬০ ) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ১ম ও ২য় কিস্তিতে  
আরপিএ (জিওবি) বাবদ ছাড়কৃত ২৫২৬.১৮ লক্ষ টাকা হতে স্থানীয় প্রশিক্ষন বাস্তবায়নের লক্ষ্যে ৪৮৪০ কোডে ১,২১,০০,০০০/-  
(এক কোটি একুশ লক্ষ) টাকা এবং সেমিনার কনফারেন্স বাবদ ৪৮৪২ কোডে ৩১,২৫,০০০/- (একত্রিশ লক্ষ পচিশ হাজার ) টাকা  
সর্বমোট ১,৫২,২৫,০০০/- (এক কোটি বায়ান্ন লক্ষ পচিশ হাজার) টাকা অগ্রিম উত্তোলনে আদিষ্ট হয়ে সরকারী মঞ্জুরী জ্ঞাপন  
করা হই।

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমপর্ন করতে হবে;
- (ঘ) ১ম ও ২য় কিস্তিতে আরপিএ (জিওবি) বাবদ ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;
- (ঙ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (চ) পরিপত্র নং-স্বাপকম/সিসপ্র (স্বাস্থ্য-৪)/আইএসটি/এইচএনপিএসপি/২০০৭/২০৭, তারিখ ২৮.১০.২০০৭ অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রদত্ত নির্ধারিত হার অনুযায়ী প্রশিক্ষক, রিসোর্স পার্সন ও প্রশিক্ষার্থীদের সম্মানী ভাতা প্রদান করতে হবে।

০২। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির অন্তর্ভুক্ত এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী কর্মসূচি (কোড নং-৫-২৭১১-৫০৬০ - ৪৮৪০, ৪৮৪২) হতে আরপিএ(জিওবি) খাতের অর্থ হতে বহন করা হবে।

০৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

  
(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৫৩  
[saspil@mohfw.gov.bd](mailto:saspil@mohfw.gov.bd)



অপর পৃষ্ঠা দ্রষ্টব্য


পূর্ব পৃষ্ঠার পর

নং-৪৫.১৭২.০০৪.০০০.০০.০১১.২০১২-৭১১/১(৮)

তারিখঃ ১৩.১১.২০১৩খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০২। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, এসেনসিয়াল সার্ভিস ডেলিভারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ০৪। উপ প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৭। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। যুগ্ম-প্রধান (পরিকল্পনা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
১৩/১১/২০১৩

(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব